



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

সিআইবি সার্কুলার লেটার নং-০১/২০২৬

তারিখ : ২৩ জুলাই, ২০২৬
০৮ শ্রাবণ, ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

সিআইবি অনলাইন সার্ভিসের রেজিস্ট্রেশন ফি, অনলাইন প্রক্রিয়ায় প্রস্তুতকৃত সিআইবি রিপোর্টের সার্ভিস চার্জ আরোপ ও আদায়, অনলাইন সিস্টেমে মাসিক ভিত্তিতে ঋণতথ্য যথাসময়ে Upload এ ব্যর্থ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আরোপ ও আদায় এবং সিআইবি রিপোর্টে সন্নিবেশিত ঋণতথ্যের গোপনীয়তা ভঙ্গের জন্য জরিমানা আরোপ ও আদায় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি) এর ১০ এপ্রিল ২০২২, ১৪ নভেম্বর ২০২৪ ও ০৫ মে ২০২৫ তারিখের যথাক্রমে সিআইবি সার্কুলার লেটার নং ০২/২০২২, সিআইবি সার্কুলার লেটার নং-০৩ ও সিআইবি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিবেচ্য ০৩ (তিন) টি সার্কুলার লেটারের প্রতিটির ০৩ নং ক্রমিকে ঋণ আবেদনকারী গ্রাহকের সিআইবি প্রতিবেদন প্রস্তুত ও ডাউনলোড করার ক্ষেত্রে সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখ : ০৪ মে, ২০১১ এর ২ নং অনুচ্ছেদের আওতায় আরোপযোগ্য সার্ভিস চার্জ হতে অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে সংযুক্ত ছক অনুযায়ী প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ব্যুরোতে প্রেরণ করার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। পক্ষান্তরে, একাধিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে আবেদন প্রেরণ করা হচ্ছে না। আবার, অব্যাহতির সঠিক হিসাবায়ন নিশ্চিত না করেই অব্যাহতির আবেদন প্রেরণ করায় সিআইবি অনলাইন সার্ভিস চার্জ হিসাবায়নে জটিলতা সৃষ্টি হচ্ছে। এছাড়া, সিআইবি কর্তৃক সার্ভিস চার্জ কর্তনের কয়েক মাস পর কর্তনকৃত চার্জ সমন্বয়ের জন্য বিভিন্ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে আবেদন প্রেরণ করা হচ্ছে। ফলে সার্ভিস চার্জ আদায় সংক্রান্ত কার্য সম্পাদনে বিঘ্ন ঘটছে।

০৩। সিআইবি কর্তৃক আরোপযোগ্য সার্ভিস চার্জ হতে অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে আবেদন প্রেরণের ক্ষেত্রে আপনাদেরকে নিম্নোক্ত নির্দেশনা দেওয়া যাচ্ছে :

ক) আরোপযোগ্য সার্ভিস চার্জ হতে অব্যাহতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে সংযুক্ত ছক অনুযায়ী প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ব্যুরোতে প্রেরণ করতে হবে। অন্যথায় অব্যাহতির আবেদন বিবেচিত হবে না।

খ) অব্যাহতির আবেদনে হিসাবায়নজনিত তারতম্য পরিলক্ষিত হলে সিআইবি কর্তৃক প্রদত্ত সময়ের মধ্যে পুনরায় আবেদন প্রেরণ করতে হবে।

গ) কর্তনকৃত সার্ভিস চার্জের বিষয়ে কোন আপত্তি থাকলে তা সমন্বয়ের জন্য সিআইবি'র প্রেরিত পত্রের তারিখের পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে ব্যুরো-তে আবেদন প্রেরণ করতে হবে। অন্যথায়, সমন্বয়ের আবেদন বিবেচিত হবে না।

ঘ) অত্র সার্কুলার জারির ১৫ দিনের মধ্যে পূর্ববর্তী সময়ের (৩০ জুন, ২০২৬ পর্যন্ত মাসের) অব্যাহতির আবেদন ব্যুরো-তে প্রেরণ না করা হলে তা বিবেচিত হবে না।

০৪। সিআইবি সার্কুলার নং-০২/২০১১ তারিখ : ০৪ মে, ২০১১ এর ২ নং অনুচ্ছেদে বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

০৫। Bangladesh Bank Order, 1972 (P.O No. 127 of 1972) এর article 44(1) এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুহম্মদ মাহফুজুর রহমান খান)

পরিচালক (সিআইবি)

ফোন : ৯৫৩০২৪২